অতীব জরুরী

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০৫২.১১.০৩৬.১৬-৪৯৭ তারিখ ঃ ০৫ জুন ২০১৭।

বিষয় ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা আগস্ট ২০১৭।

সূত্র ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১ মে ২০১৭ তারিখের ৮০.১১০.০৩৮.০০.০০.০০৮.২০১৭-১০৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের ছায়ালিপি (সংযুক্তিসহ) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী সিনিয়র স্কেলে পদোন্নতির জন্য লিখিত পরীক্ষা আগস্ট ২০১৭ তে অংশগ্রহণে ইচ্ছুক উপযুক্ত প্রার্থী/প্রার্থীগণের On Line –এ পূরণকৃত আবেদনপত্রের hard copy (নির্ধারিত ফরমে) এবং বিপিএসসি'র নির্দেশনা অনুযায়ী ত্রুটিমুক্তভাবে সম্মিলিত তালিকা **আগামী ১৩ জুন ২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে** নিজ নিজ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রশাসনিক শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সে সকল কর্মকর্তা বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং অন্যান্য শর্তাবলী পূরণ করে পদ্ধতিগতভাবে ক্যাডারে স্থায়ী হবার পর বিধি অনুযায়ী উল্লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা অর্জন করেছেন কেবল তাঁদের নামই প্রেরণ করার জন্য কমিশন হতে অনুরোধ জানানো হয়েছে।

০৩। উল্লেখ্য, পিএসসি কর্তৃক নির্ধারিত (২০ জুন ২০১৭) তারিখের পর কোন অবস্থাতেই বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র (কারণ যাই হোক) বিবেচনা করা হবে না এবং তা বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি ঃ ০৩ (তিন) পাতা।

৫/৬/১৭

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
ফোন-৯৫৫৮৮৫৩
ই-মেইল ঃ sasexten1@moa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সম্প্রসারণ-১ শাখায় প্রেরণের জন্য)।
০২। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর (ডিএই'র মাধ্যমে সম্প্রসারণ-১ শাখায় প্রেরণের জন্য)।
০৩। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সম্প্রসারণ-২ শাখায় প্রেরণের জন্য)।
০৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা (সম্প্রসারণ-৩ শাখায় প্রেরণের জন্য)।
০৫। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা (ডিএই'র মাধ্যমে সম্প্রসারণ-১ শাখায় প্রেরণের জন্য)।
০৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর (ডিএই'র মাধ্যমে সম্প্রসারণ-১ শাখায় প্রেরণের জন্য)।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

১। যুগ্ম-সচিব (সম্প্রারণ-৩ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়।
২। উপ-সচিব (সম্প্রসারণ-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৬। যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০৮.২০১৭- ১০৯ তারিখঃ ১১ মে ২০১৭

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা আগস্ট ২০১৭।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ২০১৭ সালের আগস্ট মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচী যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে on line-এ আবেদনপত্র (soft copy) ১৫ মে ২০১৭ তারিখ রাত ১২.০০ টা থেকে শুরু করে ৩১ মে ২০১৭ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং on line আবেদনপত্র দাখিলের পর এর hard copy চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবিসহ ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে অতি দ্রুত পৌছাতে হবে। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কর্মকর্তাদের প্রদত্ত তথ্য যাচাই-বাছাই পূর্বক The Bangladesh Civil Service (Examination for Promotion) Rules, 1986 অনুযায়ী যোগ্য প্রার্থীদের আবেদনপত্রের কপি (hard copy) আগামী ২০ জুন ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই কর্ম কমিশন সচিবালয়ে পৌছানোর ব্যবস্থা করতে হবে। নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে। মন্ত্রণালয়/বিভাগ হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি কর্ম কমিশনে পাঠানোর কারণে বহু কর্মকর্তার আবেদনপত্র ইতোপূর্বে বাতিল হয়েছে এবং ঐ সকল কর্মকর্তাগণ পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ হতে বঞ্চিত হয়েছেন।

২. আবেদনপত্রের on line form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। যেহেতু এটি উচ্চতর পর্যায়ের পদোন্নতি পরীক্ষা, সেহেতু প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্য সমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে। এ বিষয়ে যত্নবান থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পুনরায় সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত on line-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪. **Online-এ BPSC Form-7 পূরণের নিয়মাবলী ঃ**

প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র (Form-7) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন করলে সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা আগস্ট ২০১৭ এর Notice, Instructions for Submitting Application, Application Form (BPSC Form-7: Application form for Examination under The Bangladesh Civil Service [Examinatin for Promotion] Rules.1986) এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Notice এর রেডিও বাটন ক্লিক করলে সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা আগস্ট ২০১৭ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের ৪ পৃষ্ঠার বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-7 এর ৪টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছাড়াও ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-7 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নীচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০×৮০ পিক্সেল (Pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নীচে} প্রয়োজন হবে। জাতীয়করণকৃত (Nationalized) এবং Encadrement প্রার্থীরা স্ব স্ব ক্যাডার পদে কোন তারিখে যোগদান করেছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তার প্রমাণ সংযুক্তিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রও সংযুক্ত করবেন।

৫. **এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী ঃ**

ক. কোন কর্মকর্তার সংশ্লিষ্ট ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০১৭ সালের ১লা আগস্ট তারিখে) ন্যূনপক্ষে ০৪(চার) বছর পূর্ণ এবং চাকরিতে স্থায়ী হতে হবে;

খ. ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আবেদনকারীর কপি (hard copy) কমিশনে পৌছাতে হবে;

গ. আবেদনপত্রের (hard copy) সাথে স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি ও ছবি সংযুক্ত করতে হবে;

ঘ. নির্ধারিত ২০ জুন ২০১৭ তারিখের মধ্যে আবেদনপত্র কমিশনে পৌছাতে/জমা দিতে হবে;

ঙ. একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

চ. আবেদনপত্রের কপির (hard copy) যথাস্থানে প্রার্থীর এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীল ও স্বাক্ষর থাকতে হবে ;

ছ. জাতীয়করণকৃত (Nationalized) এবং Encadrement প্রার্থীরা স্ব স্ব ক্যাডার পদে কোন তারিখে যোগদান করেছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তার প্রমাণ সংযুক্তিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রও সংযুক্ত করতে হবে;

জ. ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০১৭ সালের ১লা আগস্ট তারিখে) ১৪ বছর পূর্ণ হওয়ার পর অথবা প্রার্থীর নিজ বয়স ৫০ বছর পূর্ণ হবার পর কোন কর্মকর্তা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না ।

উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৬. লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিজ বিষয়ের নিম্নে বর্ণিত বিষয় কোডগুলো অবহিত থাকতে হবে, যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবে ঃ

ক. প্রথমপত্রঃ বাংলাদেশ ও চলতি বিষয়াবলী (BANGLADESH AND CURRENT AFFAIRS), বিষয় কোড নং-০০১।

খ. দ্বিতীয়পত্রঃ সকল সরকারি অফিসের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও পদ্ধতি (LAW, RULES AND REGULATIONS APPLICABLE TO ALL GOVERNMENT OFFICES), বিষয় কোড নং-০০২।

গ. তৃতীয়পত্র ঃ ক্যাডারভুক্ত কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী। এ বিষয়গুলোর কোড নং নিম্নরূপঃ বিসিএস-(সাধারণ শিক্ষা)ঃ হিসাব বিজ্ঞান(১০১), আরবি(১০৬), বাংলা(১০৮), ফিন্যান্স এন্ড ব্যাংকিং (১০৯), উদ্ভিদবিজ্ঞান (১১১), রসায়ন (১১৩),অর্থনীতি(১১৫), শিক্ষা(১১৬), ইংরেজি(১১৭), ফিন্যান্স (১১৮), ভূগোল(১১৯), ইতিহাস(১২১), গার্হস্থ্য অর্থনীতি(১২২), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(১২৪), ইসলামী শিক্ষা(১২৫), ব্যবস্থাপনা (১২৯), মার্কেটিং(১৩০), গণিত(১৩১), পালি(১৩৩), যুক্তিবিদ্যা ও দর্শন (১৩৬), পদার্থ বিজ্ঞান(১৩৭), রাষ্ট্রবিজ্ঞান(১৩৮), মনোবিজ্ঞান(১৩৯), সংস্কৃত(১৪২), সমাজকল্যাণ(১৪৩), সমাজ বিজ্ঞান (১৪৪), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান(১৪৫), সাধারণ শিক্ষা- পরিসংখ্যান(১৪৬), উর্দু(১৪৭), প্রাণিবিদ্যা(১৪৮), তাফসির (১৬০), কৃষি বিজ্ঞান(১৬৫), গ্রন্থাগার বিজ্ঞান (১৬৭), গ্রাফিক্স(১৭০), চারু ও কারুকলা(১৭৫), পপুলেশন সায়েন্সেস (১৭৬), বিসিএসঃ বন(১৮০), প্রশাসন(৮০১), খাদ্য (৮০২), নিরীক্ষা ও হিসাব (৮০৩), শুল্ক ও আবগারী (৮০৪), কর(৮০৫), পররাষ্ট্র (৮০৬), ডাক(৮০৭), পুলিশ(৮০৮), আনসার(৮০৯), বিসিএস (বাণিজ্য)(৮১১), তথ্য সাধারণ(৮১২), পরিবার পরিকল্পনা(৮১৩), রেলওয়ে পরিবহন ও বাণিজ্য (৮১৪), কৃষি বিপণন(৮২০), কৃষি মৃত্তিকা সম্পদ(৮২৩), কৃষি সম্প্রসারণ (৮৩৭), মৎস্য(৮৩৮), পশু চিকিৎসা(৮৭০), গণপূর্ত (সিভিল)(৮৯১), গণপূর্ত ই/এম(৮৯২), সড়ক ও জনপথ (সিভিল)(৮৯৫), সড়ক ও জনপথ (যান্ত্রিক)-(৮৯৬), টেলিযোগাযোগ(৮৯৯), টেলিযোগাযোগ (ব্যবহারিক)-(৯৯৯), রেলওয়ে প্রকৌশল (সিভিল)-(৯০০), রেলওয়ে প্রকৌশল (যান্ত্রিক)-(৯০১), রেলওয়ে প্রকৌশল(সরঞ্জাম)-(৯০২), রেলওয়ে প্রকৌশল (ইলেকট্রিক্যাল)-(৯০৩), রেলওয়ে সংকেত ও টেলিযোগাযোগ(৯০৪), জনস্বাস্থ্য প্রকৌশল(৯০৯), স্বাস্থ্য(৯১০), স্বাস্থ্য(ডেন্টাল)-(৯১১), সমবায়(৯২১), তথ্য (কারিগরী)-(৯২৪), বিসিএস(পরিসংখ্যান)-(৯২৭), বিসিএস(ইকনমিক)-(৯২৮), বিসিএস- (কারিগরি শিক্ষা)-আর্কিটেকচার টেকনোলজি (৯৫০), সিভিল টেকনোলজি(৯৫১), কেমিক্যাল টেকনোলজি (৯৫২), ইলেকট্রিক্যাল টেকনোলজি (৯৫৩), ইলেকট্রনিক্স টেকনোলজি(৯৫৪), মেকানিক্যাল টেকনোলজি(৯৫৫), পাওয়ার টেকনোলজি (৯৫৬), গ্রাফিক্স আর্টস(৯৫৭), নন-টেক(৯৫৮), নন-টেক(পদার্থ বিজ্ঞান)(৯৬০), নন-টেক(রসায়ন)(৯৬১), নন-টেক(গণিত)(৯৬২), নন-টেক(ব্যবস্থাপনা)(৯৬৩), নন-টেক(হিসাব বিজ্ঞান)(৯৬৪)।

৭. প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৫০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ০৩(তিন) ঘন্টা। বিসিএস (টেলিকমিউনিকেশন) ক্যাডারের তৃতীয় পত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় পূর্ণমান যথাক্রমে ৬০ ও ৪০ নম্বর এবং পাশ নম্বর ৫০% অর্থাৎ যথাক্রমে ৩০ ও ২০ নম্বর। ঐ পত্রের লিখিত পরীক্ষার নির্ধারিত সময় ০২(দুই) ঘন্টা এবং ব্যবহারিক পরীক্ষা ০১(এক) ঘন্টা।

৮. যোগ্য/অযোগ্য প্রার্থীদের তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে প্রার্থীদেরকে নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে। on line- এ আবেদন পত্র ফরম পূরণে কোন সমস্যা হলে snsc_support@bpsc.gov.bd যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(সেলিমা বেগম)
পরিচালক
ফোন ৫৫০০৬৬৩০

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০৮.২০১৭-১০৯

তারিখঃ ১১ মে ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ---------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪. সচিব, ---------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫. মহাপরিচালক,---------- অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
৬. মুখ্য সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

ক্রমশঃ/০২